কালের কণ্ঠ

তারিখ 11 APR 2017
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

### নতুন পদায়ন নীতিমালা জারি

# এক দপ্তরে তিন বছরের বেশি নয় বিসিএস শিক্ষা কর্মকর্তাদের

**নিজস্ব প্রতিবেদক ▷**

এক দপ্তর বা সংস্থায় একনাগাড়ে তিন বছরের বেশি থাকতে পারবেন না বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা। এমনকি একটি দপ্তর থেকে বদলি হয়ে সরাসরি অন্য কোনো দপ্তরেও যেতে পারবেন না কর্মকর্তারা। তাঁদের মধ্যবর্তী সময়ে কমপক্ষে দুই বছর সরকারি কলেজে চাকরি করতে হবে। গতকাল সোমবার বিভিন্ন দপ্তর, অধিদপ্তর ও সংস্থায় পদায়ন নীতিমালা ২০১৭ জারি করে শিক্ষা মন্ত্রণালয়।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন স্বাক্ষরিত নীতিমালার আট ধারায় বলা হয়েছে, নীতিমালায় যাই থাকুক না কেন সরকারি জরুরি প্রয়োজনে যেকোনো সময় যেকোনো কর্মকর্তাকে যেকোনো দপ্তর, অধিদপ্তর ও সংস্থায় পদায়ন করতে পারবে। সংশ্লিষ্টরা বলছেন, নীতিমালার ৮ নম্বর ধারার মাধ্যমে মূলত মন্ত্রণালয়ের পছন্দের কর্মকর্তাকে ইচ্ছামতো পদায়নের সুযোগ রাখা হয়েছে।

নীতিমালায় আরো বলা হয়, বিভিন্ন দপ্তর ও সংস্থায় পদায়নের জন্য প্রতিবছর এপ্রিল ও অক্টোবরে আগ্রহী কর্মকর্তাদের কাছ থেকে আবেদন নেওয়া হবে। নির্ধারিত মাসের ১৫ থেকে ৩০ তারিখের মধ্যে অনুমোদিত ফরমে ই-মেইলযোগে আবেদন করতে হবে। শিক্ষামন্ত্রীকে সভাপতি করে প্রার্থী যাচাই কমিটিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব ও সংশ্লিষ্ট অনুবিভাগ ও প্রতিষ্ঠানের প্রধানকে সদস্য ও উপসচিবকে (কলেজ) সদস্যসচিব করা হয়েছে। প্রার্থী যাচাই কমিটি সুবিধামতো সময়ে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণপূর্বক একটি ফিটলিস্ট প্রস্তুত করবে। এই ফিটলিস্ট থেকে পদায়ন করা হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

– স্বাক্ষর